গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

নথি নং- ২১.০০.০০০০.১৫৭.১৪.০৯১.১৫-২২২ তারিখঃ ২৮/০৬/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ "বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি জুন, ২০১৭-এ সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের উপর আইএমইডি কর্তৃক প্রণীত সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হল। সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে নিম্নরূপ সুপারিশ করা হয়েছেঃ

১) বিএফডিসি এবং মেরিন ফিশারিজ একাডেমি দুটি প্রতিষ্ঠানই মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাভুক্ত। এক্ষেত্রে একাডেমির অভ্যন্তরে অবস্থিত বিএফডিসি'র জরাজীর্ণ স্থাপনাগুলো অপসারণের মাধ্যমে উক্ত জায়গা মেরিন ফিশারিজ একাডেমির নিকট হস্তান্তরের মাধ্যমে একাডেমির স্থান সংকুলান, নিরাপত্তা নিশ্চয়তা, মনোরম পরিবেশে ক্যাডেটদের পড়াশুনা, সৌন্দর্যবর্ধন রক্ষার্থে মন্ত্রণালয় প্রয়োজনীয় দ্রুত উদ্যোগ গ্রহণ করতে পারে;

২) প্রকল্পের আওতায় সংগৃহীত ৪টি যানবাহন ও ২টি স্পীড বোট বাস্তবতার নিরিখে একাডেমির প্রয়োজনে সংগ্রহ করা হয়েছে বিধায় উক্ত ৪টি যানবাহন ও ২টি স্পীড বোট মেরিন ফিশারিজ একাডেমিতে ব্যবহারের নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

৩) মেরিন ফিশারিজ একাডেমি ক্যাম্পাসে বসবাসরত ক্যাডেটদের নিরাপত্তা রক্ষার্থে ও পড়াশুনার সুন্দর পরিবেশ সৃষ্টির জন্য উত্তর-পশ্চিম পাশে গেইট ও বাউন্ডারী ওয়াল নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি ও আসবাবপত্রের লেবেলে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নাম সংক্ষেপে লিখন এবং মালামালের স্টক রেজিষ্টার সংরক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৫) একাডেমির প্রশিক্ষণ মান International Maritime Organization (IMO)-এর Standard Training Curriculum for Watchkeeping at Sea (STCW) এর গাইড লাইন অনুযায়ী বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে একাডেমিতে আধুনিক সিমুলেটর বেইজড প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

৬) একাডেমিতে বিশেষায়িত ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিদ্যমান জনবল কাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন করে জনবল নিয়োগ করার লক্ষ্যে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন;

৭) একাডেমির আবাসিক সীমানা সংলগ্ন বিএফডিসির পরিত্যক্ত/অব্যবহৃত বিদ্যমান অকশন সেড এবং স্টাফ কোয়ার্টারের উত্তর পাশের বিএফডিসির সিকিউরিটি ব্যারাকের প্লটটি একাডেমির নামে স্থায়ীভাবে বরাদ্দ প্রদানের জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

৮) মেরিন ফিশারিজ একাডেমিতে প্রকল্পের আওতায় বাস্তবায়িত জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমগুলো সম্পর্কে আরো বেশি প্রচার-প্রচারণা চালাতে হবে;

৯) প্রকল্পটি ৩ বছরের স্থলে ৬ বছরে সমাপ্ত হয়। এক্ষেত্রে ২ বার সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়। ভবিষ্যতে উন্নয়ন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার/নিরুৎসাহিত করা বাঞ্ছনীয়;

১০) একাডেমির প্রশিক্ষণ কারিকুলামকে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে উন্নীতকরণসহ সরকারি ও উন্নয়ন সহযোগিদের সহায়তায় বিদেশি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে শিক্ষক ও শিক্ষার্থীদের এক্সচেঞ্জ প্রোগ্রাম চালু করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১১) মেরিন ফিশারিজ একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম, ক্যাডেটদের আধুনিক প্রযুক্তিতে পড়াশুনা এবং প্রতিষ্ঠানটিকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে এ প্রকল্পের ধারাবাহিকতা বজায় রেখে নতুন প্রকল্প গ্রহণে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১২) উপরোল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

২৮/৬/১৮

**(আফরোজা আক্তার চৌধুরী)**
উপ-পরিচালক (উপ-সচিব)
ফোনঃ ৯১১৮২০৮

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক, "বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমীর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমী, কর্ণফুলী, চট্টগ্রাম।
৩। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্তঃ জুন, ২০১৭)

**১.০ প্রকল্পের নাম** : বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও জোরদারকরণ (২য় সংশোধিত)

**২.০ মন্ত্রণালয়/বিভাগ** : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**৩.০ বাস্তবায়নকারী সংস্থা** : মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

**৪.০ প্রকল্প এলাকা** : চট্টগ্রাম জেলার কর্ণফুলী উপজেলা

**৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ৪০০৫.১৮ | ৫২২৪.৮৫ | ৫০২৯.৭২ | জুলাই ২০১১- জুন ২০১৪ | জুলাই ২০১১- জুন ২০১৭ | জুলাই ২০১১- জুন ২০১৭ | +১০২৪.৫৪ (২৫.৫৮%) | ৩ বছর (১০০%) |

- বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

**৬.০ প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ**

৬.১ **পটভূমিঃ** দেশের বিশাল জনগোষ্ঠির পুষ্টির চাহিদা পূরণে গভীর সমুদ্রের মৎস্যসহ অন্যান্য জলজসম্পদ আহরণ করা প্রয়োজন। গভীর সমুদ্রে মৎস্য আহরণের জন্য প্রয়োজন দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল এবং মাছ ধরার আধুনিক সরাঞ্জামাদি। আবার ধৃত মাছগুলোকে খাবার উপযোগী রাখতে নৌযানে পর্যাপ্ত সুবিধাসহ দক্ষ জনবল থাকা আবশ্যক। আমাদের দেশে ১,১৮,৮৯৩ বর্গ কিলোমিটার Exclusive Economic Zone সহ মোট সমুদ্রসীমা প্রায় ১,৬৬,০০০ বর্গ কিলোমিটার। সমুদ্রসীমার মধ্যস্তর এবং নিম্নস্তরের মৎস্যের মজুত/স্টক এখনও নির্ণয় হয়নি। এসব অঞ্চলে মাছ ধরার জন্য জ্ঞানসম্পন্ন লোকবল এবং অত্যাধুনিক সরঞ্জামাদি প্রয়োজন রয়েছে। ভবিষ্যতে মেরিন ডিপ সী ফিশিং ইন্ডাস্ট্রির অপার সম্ভাবনার প্রেক্ষিতে বাংলাদেশ মেরিন ফিশারীজ একাডেমীর ক্যাডেটদের প্রশিক্ষণ কার্যক্রম আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত হওয়া প্রয়োজন। এ লক্ষ্যকে সামনে রেখে একুশ শতকের ফিশিং মেরিনারদের আন্তর্জাতিক চাহিদার কথা বিবেচনা করে বাংলাদেশ মেরিন ফিশারীজ একাডেমিকে আধুনিক করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ **উদ্দেশ্যঃ** সময়ের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ মেরিন ফিশারীজ একাডেমির বিদ্যমান ভৌত সুবিধাদি ও প্রশিক্ষণের সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে ফিশিং মেরিনারদের আন্তর্জাতিক মানসম্পন্ন করে গড়ে তোলা;

**৭.০ প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- অডিটরিয়াম, জিমনেসিয়াম এবং সুইমিং পুল কমপ্লেক্স নির্মাণ- ৪২৮৭৫ বর্গফুট;
- মহিলা ক্যাডেটদের আবাসিক হোস্টেল নির্মাণ- ১৪২৬০ বর্গফুট;
- বিদ্যমান একাডিমক ভবনের উর্ধ্বমুখী ২য় ও ৩য় তলা সম্প্রসারণ- ৬৬৫০ বর্গফুট;
- বিদ্যমান ইনস্ট্রাকটর/অফিসার্স কোয়ার্টারের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ- ৮১৪৭.৪৬ বর্গফুট;
- স্টাফ কোয়ার্টার নির্মাণ- ১৬০০০ বর্গফুট;
- বিদেশী ক্যাডেটদের জন্য আবাসিক হোস্টেল নির্মাণ- ১২৭০০ বর্গফুট;
- সীমানা প্রাচীর, গেইট, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ;
- ৪টি গাড়ী ও ২টি জলযান (স্পীড বোট) ক্রয়;
- আসবাবপত্র, কম্পিউটার, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়।

## ৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত ব্যয় | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | **(ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | | |
| ১ | ভ্রমণ ব্যয় | থোক | - | ৬.০০ | - | ৩.৩৬ |
| ২ | পৌর কর | থোক | - | ৮.০০ | - | ০.০০ |
| ৩ | ভূমি কর | থোক | - | ৯২.০০ | - | ৯১.২৮ |
| ৪ | পেট্রোল ও লুব্রিকেন্ট | থোক | - | ১৬.০০ | - | ১৩.৮১ |
| ৫ | স্টেশনারী | থোক | - | ২.০০ | - | ০.৭৪ |
| ৬ | গবেষণা ব্যয় | থোক | - | ৪.০০ | - | ১.০০ |
| ৭ | বই, জার্নাল ও সাময়িকী | থোক | - | ৪.০০ | - | ১.৪৯ |
| ৮ | প্রচার ও বিজ্ঞাপন | থোক | - | ৭.০০ | - | ৪.৭৩ |
| ৯ | প্রশিক্ষণ ব্যয় | থোক | - | ১.০০ | - | ০.২১ |
| ১০ | রাসায়নিক দ্রব্যাদি ক্রয় | থোক | - | ২.৫০ | - | ১.৪৯ |
| ১১ | সম্মানী ভাতা/ফি | থোক | - | ১৮.৭০ | - | ১৫.২২ |
| ১২ | কম্পিউটার আনুষংগিক | থোক | - | ৫.০০ | - | ৩.৫৭ |
| ১৩ | ফাংশন/উৎসব (মৎস্য পক্ষ) | থোক | - | ৩.০০ | - | ২.৮০ |
| ১৪ | মধ্যবর্তী মূল্যায়ন | থোক | - | ৩.০০ | - | ২.৭১ |
| ১৫ | অন্যান্য (ই-গভর্ণেন্স) | থোক | - | ২.৫০ | - | ১.৯৬ |
| ১৬ | মটরযান মেরামত ও সংরক্ষণ | থোক | - | ২.০০ | - | ২.০০ |
| ১৭ | ফার্ণিচার মেরামত | থোক | - | ১.০০ | - | ১.০০ |
| ১৮ | কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি মেরামত | থোক | - | ১.০০ | - | ১.০০ |
| ১৯ | ল্যাব যন্ত্রপাতি মেরামত | থোক | - | ১.০০ | - | ১.০০ |
| ২০ | বৈদ্যুতিক ট্রান্সফরমার মেরামত | থোক | - | ১.০০ | - | ০.০০ |
| ২১ | বোট মেরামত ও সংরক্ষণ | থোক | - | ১.০০ | - | ০.৬৬ |
| ২২ | বিবিধ মেরামত ও সংরক্ষণ-মটর ইন্সুরেন্স | থোক | - | ৪.০০ | - | ৩.১৬ |
| | **উপ-মোট (রাজস্ব):** | | | **১৮৫.৭০** | | **১৫৩.১৯** |
| | **(খ) মূলধন খাতঃ** | | | | | |
| ২৩ | জীপ ক্রয়-4WD | সংখ্যা | ১ | ৮০.০০ | ১ | ৭৩.৭৪ |
| ২৪ | মাইক্রোবাস- শিক্ষক/কর্মচারীদের জন্য | সংখ্যা | ১ | ৩৪.০০ | ১ | ৩২.৭৫ |
| ২৫ | একাডেমির জন্য এ্যাম্বুলেন্স | সংখ্যা | ১ | ৩৫.০০ | ১ | ৩৪.৪৩ |
| ২৬ | ডাবল কেবিন পিক-আপ | সংখ্যা | ১ | ৪৭.১৮ | ১ | ৪৪.২৫ |
| ২৭ | স্টিলবডি ট্রেনিং কাম ফেরি বোট | সংখ্যা | ১ | ৫৮.৪৪ | ১ | ৫৮.৪৪ |
| ২৮ | রোবাস্ট টাইপ স্পীড বোট | সংখ্যা | ১ | ২০৩.০০ | ১ | ২০৩.০০ |
| ২৯ | মেরিন ফিশারিজের জন্য ল্যাব ইকুইপমেন্ট | থোক | - | ১০০.০০ | - | ৯৯.৯৯ |
| ৩০ | সুইমিং পুলের জন্য বৈদ্যুতিক যন্ত্রপাতি | থোক | - | ৫.০০ | - | ০.০০ |
| ৩১ | কম্পিউটার ও আইটি যন্ত্রাংশ | থোক | - | ৪০.০০ | - | ৩৯.৯৮ |
| ৩২ | কম্পিউটার সফটওয়ার | থোক | - | ৫.০০ | - | ৪.১৫ |
| ৩৩ | অফিস সরঞ্জাম | লট | - | ৯.৪০ | - | ৯.৩৮ |
| ৩৪ | ফার্নিচার মহিলা ক্যাডেট হোস্টেলের জন্য | লট | - | ১৫.০০ | - | ১৫.০০ |
| ৩৫ | ফার্নিচার বিদেশী ক্যাডেট হোস্টেলের জন্য | লট | - | ১৫.০০ | - | ১৫.০০ |
| ৩৬ | ফার্নিচার ক্লাশ রুমের জন্য | লট | - | ১৫.০০ | - | ১৫.০০ |
| ৩৭ | ফার্নিচার ল্যাবরেটরি ও মেডিকেলের জন্য | লট | - | ১২.০০ | - | ১২.০০ |
| ৩৮ | ফার্নিচার অফিস ও লাইব্রেরীর জন্য | লট | - | ৪.০০ | - | ৪.০০ |
| ৩৯ | বিবিধ | থোক | - | ৩৫.০০ | - | ৩০.৩৯ |
| ৪০ | ভূমি অধিগ্রহণ | থোক | - | ৫৪.৩১ | - | ৫৪.৩১ |
| ৪১ | বিবিধ | থোক | - | ১০.০০ | - | ৯.৯১ |
| ৪২ | অডিটরিয়াম, জিমনেশিয়াম ও সুইমিংপুল নির্মাণ | বঃফুঃ | ৪২৮৭৫ | ২০৭৩.৮৬ | ৪২৮৭৫ | ২০৪২.১৯ |
| ৪৩ | ৩ তলা মহিলা ক্যাডেট হোস্টেল নির্মাণ | বঃফুঃ | ১৪২৬০ | ২৬৮.৩৪ | ১৪২৬০ | ২৬৮.৩৩ |
| ৪৪ | ৪ তলা বিদেশী ক্যাডেট হোস্টেল নির্মাণ | বঃফুঃ | ১২৭০০ | ২৫৪.২৪ | ১২৭০০ | ২৫৪.২২ |
| ৪৫ | বিদ্যমান একাডেমিক ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলা | বঃফুঃ | ৬৬৫০ | ১০৩.৩৫ | ৬৬৫০ | ১০৩.১৫ |

| ক্রঃ নং | অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত ব্যয় | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | উর্ধ্বমুখী সম্প্রসারণ | | | | | |
| ৪৬ | বিদ্যমান অফিসার্স কোয়ার্টারের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ | বঃফুঃ | ৮১৪৭.৪৬ | ১৭৭.০৯ | ৮১৪৭.৪৬ | ১৭৭.০৯ |
| ৪৭ | ৪ তলা স্টাফ কোয়ার্টার নির্মাণ- ১৬ ইউনিট (৬০০ X ৮০০ ব:ফুট) | বঃফুঃ | ১৬০০০ | ৩৩৬.০৪ | ১৬০০০ | ৩৩২.৫০ |
| ৪৮ | ডিপ টিউবওয়েলসহ ডিস্ট্রিবিউশন লাইন স্থাপন | বঃফুঃ | ১২০০ | ৪৯.২১ | ১২০০ | ৪৯.২১ |
| ৪৯ | সাবমার্সিবল পাম্প মটর সেট | সংখ্যা | ২ | ৯.০০ | ২ | ৯.০০ |
| ৫০ | সেন্ট্রিফিউগাল পাম্প মটর সেট | সংখ্যা | ২ | ৭.৪০ | ২ | ৭.৪০ |
| ৫১ | ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন | থোক | - | ৮৮.০০ | - | ৮৮.০০ |
| ৫২ | সাব-স্টেশন পাম্প হাউজ নির্মাণ | বঃফুঃ | ১৬৪০.১৫ | ৪৬.৯২ | ১৬৪০.১৫ | ৪৬.৯২ |
| ৫৩ | মেইন ডিসপোজাল ড্রেন নির্মাণ | বঃফুঃ | ১৩৭৫.৫০ | ৩০.৭৯ | ১৩৭৫.৫০ | ৩০.৭৮ |
| ৫৪ | অগ্নি নির্বাপক স্থাপন | থোক | - | ৪.৯৬ | - | ৪.৯৬ |
| ৫৫ | বিদ্যমান স্থাপনাসমূহের মেরামত ও সংস্কার | থোক | - | ১১৮.০০ | - | ১১৭.৮৫ |
| ৫৬ | বৈদ্যুতিক মেরামত ও সংস্কার | থোক | - | ১০.৯৪ | - | ১০.৯৪ |
| ৫৭ | আরবরি কালচার | থোক | - | ৫.০০ | - | ০.৩০ |
| ৫৮ | মেরিন ফিশারীজ একাডেমির মেইন গেট থেকে বিএফডিসি অফিস পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | আরএফটি | ২১৫০ | ১৯২.০০ | ২১৫০ | ১৮০.৩৪ |
| ৫৯ | পানি সংরক্ষণাগার, এক্সেসরিজ, সুইমিংপুলের সৌন্দর্যবর্ধন অডিটরিয়ামের আসবাবপত্র | থোক | - | ১৫৬.১৫ | - | ৮১.১৩ |
| ৬০ | আরসিসি বাউন্ডারী, গেইট, গার্ডসেড | থোক | - | ১৩৪.০৯ | - | ১২০.২১ |
| ৬১ | একাডেমিক ভবনের বিশেষ সংস্কার | থোক | - | ৩.৪৪ | - | ৩.৪৪ |
| ৬২ | পুরাতন পদার্থ বিদ্যা ল্যাবের বিশেষ সংস্কার | থোক | - | ১৫.০০ | - | ১৪.৮৫ |
| ৬৩ | বিভিন্ন ল্যাবরেটরী ও কনফারেন্স হলে এসি স্থাপন | থোক | - | ১৮.০০ | - | ১৮.০০ |
| ৬৪ | পিএ সাউন্ড সিস্টেম স্থাপন | থোক | - | ৩০.০০ | - | ৩০.০০ |
| ৬৫ | অডিটরিয়াম ও সুইমিংপুলের জন্য আলোকসজ্জা | থোক | - | ২০.০০ | - | ২০.০০ |
| ৬৬ | একাডেমিক কমপ্লেক্সের জন্য ২টি লিফট | সংখ্যা | ২ | ১১০.০০ | ২ | ১১০.০০ |
| | **উপ-মোট (মুলধন):** | | | **৫০৩৯.১৫** | | **৪৮৭৬.৫৩** |
| | **মোট ব্যয় (রাজস্ব ও মুলধন):** | | | **৫২২৪.৮৫** | | **৫০২৯.৭২** |

**৯.০** **কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ** বর্ণিত প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপি অনুযায়ী সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে।

**১০.০** **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

আলোচ্য প্রকল্পটির ডিপিপি'র উপর ১০/০৮/২০১০ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশক্রমে পুনর্গঠিত ডিপিপি ৪০০৫.১৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ০১/১১/২০১১ তারিখে অনুমোদিত হয়।

১০.১ **প্রকল্প সংশোধনঃ** প্রকল্প চলমানকালে নির্মাণ উপকরণ ও যন্ত্রপাতির বাজার মূল্য বৃদ্ধি, কাজের পরিমাণ বৃদ্ধি ও কাজের ধরণ পরিবর্তনের কারণে ২ বার প্রকল্প সংশোধন করা হয়।

- ১ম সংশোধিত প্রকল্পটি ৪১১৯.৫৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১১ হতে জুন, ২০১৫ মেয়াদে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ০৯/১২/২০১৪ তারিখে অনুমোদিত হয়।
- ২য় সংশোধিত প্রকল্পটি ৫২২৪.৮৫ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১১ হতে জুন ২০১৭ মেয়াদে একনেক কর্তৃক ০৫/০১/২০১৬ তারিখে অনুমোদিত হয়।
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে ২৪/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভায় প্রকল্পের আন্তঃখাত সমন্বয় করা হয়।

## ১১.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বছর | এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি (টাকা) | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃসাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ |
| ২০১১-২০১২ | ৯৯.৪৭ | ৯৯.৪৭ | - | ১০৫.০০ | ৯৯.৪৭ | ৯৯.৪৭ | - |
| ২০১২-২০১৩ | ৪৬৬.২২ | ৪৬৬.২২ | - | ৫০০.০০ | ৪৬৬.২২ | ৪৬৬.২২ | - |
| ২০১৩-২০১৪ | ৫৬৪.২৩ | ৫৬৪.২৩ | - | ৬০০.০০ | ৫৫৮.৫৯ | ৫৫৮.৫৯ | - |
| ২০১৪-২০১৫ | ১০২২.০০ | ১০২২.০০ | - | ১০২২.০০ | ৯২৮.৭৩ | ৯২৮.৭৩ | - |
| ২০১৫-২০১৬ | ১৩৮৯.৯৩ | ১৩৮৯.৯৩ | - | ১৪৭৫.০০ | ১৩৪৪.৫৮ | ১৩৪৪.৫৮ | - |
| ২০১৬-২০১৭ | ১৬৮৩.০০ | ১৬৮৩.০০ | - | ১৬৮৩.০০ | ১৬৩২.১৩ | ১৬৩২.১৩ | - |
| **মোটঃ** | **৫২২৪.৮৫** | **৫২২৪.৮৫** | - | **৫৩৮৫.০০** | **৫০২৯.৭২** | **৫০২৯.৭২** | - |

## ১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃনং | প্রকল্প পরিচালকের নাম | যোগদানের তারিখ | বদলির তারিখ |
|---|---|---|---|
| ০১ | ক্যাপ্টেন এ.টি.জি.এম সরকার | ০১.০৭.২০১১ | ১৯.০৯.২০১১ |
| ০২ | ক্যাপ্টেন কামরুল হক চৌধুরী | ১৯.০৯.২০১১ | ০৪.০৪.২০১৩ |
| ০৩ | ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ | ০৪.০৪.২০১৩ | ৩০.০৬.২০১৭ |

## ১৩.০ প্রকল্পের প্রধান প্রধান অংগের বিশ্লেষণঃ

১৩.১ **গাড়ী ক্রয়ঃ** প্রকল্পের আওতায় মেরিন ফিশারীজ একাডেমির জন্য ৭৩.৭৪ লক্ষ টাকায় একটি 4WD জীপ, শিক্ষক/কর্মচারীদের জন্য ৩২.৭৫ লক্ষ টাকায় একটি মাইক্রোবাস, ৩৪.৪৩ লক্ষ টাকায় একটি এ্যাম্বুলেন্স ও ৪৪.২৫ লক্ষ টাকায় একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে।

১৩.২ **স্পীড বোট ক্রয়ঃ** একটি স্টিলবডি ট্রেনিং কাম ফেরি বোট ৫৮.৪৪ লক্ষ টাকায় এবং একটি রোবাস্ট টাইপ স্পীড বোট ২০৩.০০ লক্ষ টাকায় ক্রয় করা হয়েছে।

১৩.৩ **ল্যাব যন্ত্রপাতি ক্রয়ঃ** প্রকল্পের অর্থে ৯৯.৯৯ লক্ষ টাকায় মেরিন ফিশারীজ একাডেমির জন্য ল্যাব যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে।

১৩.৪ **প্রশিক্ষণঃ** প্রকল্প বাস্তবায়নকালে কর্মকর্তা ও ল্যাবরেটরি টেকনিশিয়ান মোট ১৩৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বাবদ ৬৮.৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এছাড়া ১০ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৩.৫ **আসবাবপত্র ক্রয়ঃ** মহিলা ক্যাডেট হোস্টেল, বিদেশী ক্যাডেট হোস্টেল, ক্লাশ রুম, অফিস ও লাইব্রেরী, ল্যাবরেটরি ও মেডিকেলের জন্য ৬১.০০ লক্ষ টাকার আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

১৩.৬ **অডিটরিয়াম, জিমনেশিয়াম ও সুইমিংপুল নির্মাণঃ** মেরিন ফিশারিজ একাডেমি ক্যাম্পাসে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের জন্য ২০৪২.১৯ লক্ষ টাকায় ৪২৮৭৫ বর্গফুট আয়তনের অডিটরিয়াম, জিমনেশিয়াম ও সুইমিংপুল নির্মাণ করা হয়েছে।

১৩.৭ **মহিলা ক্যাডেট হোস্টেল নির্মাণঃ** মহিলা ক্যাডেট প্রশিক্ষণার্থীদের জন্য ১৪২৬০ বর্গফুট আয়তনের একটি তিন তলা ভবন নির্মাণ করা হয়েছে। সেখানে মোট ৬৪ জন মহিলা ক্যাডেট আবাসিকভাবে বসবাস করতে পারবে। এ হোস্টেল নির্মাণে ব্যয় হয়েছে ২৬৮.৩৩ লক্ষ টাকা।

১৩.৮ **বিদেশী ক্যাডেট হোস্টেল নির্মাণঃ** বিদেশী ক্যাডেটদের জন্য ১২৭০০ বর্গফুট আয়তনের একটি চার তলা ভবন নির্মাণ করা হয়েছে। সেখানে মোট ৪৮ জন বিদেশী ক্যাডেট আবাসিকভাবে বসবাস করতে পারবে। এ হোস্টেল নির্মাণে ব্যয় হয়েছে ২৫৪.২২ লক্ষ টাকা।

১৩.৯ **বিদ্যমান একাডেমিক ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণঃ** বিদ্যমান একতলা একাডেমিক ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। এ খাতে ১০৩.১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৩.১০ **<u>বিদ্যমান অফিসার্স কোয়ার্টারের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণঃ</u>** বিদ্যমান একতলা অফিসার্স কোয়ার্টারের ২য়, ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। এ খাতে ১৭৭.০৯ লক্ষ টাকা ব্যয় হয়।

১৩.১১ **<u>স্টাফ কোয়ার্টার নির্মাণঃ</u>** কর্মরত স্টাফদের জন্য ৪ তলা বিশিষ্ট ১৬০০০ বর্গফুট আয়তনের (৬০০ বর্গফুট ও ৮০০ বর্গফুট) একটি কোয়ার্টার ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত কোয়ার্টারে ১৬টি ইউনিট রয়েছে। এতে ব্যয় হয় ৩৩২.৫০ লক্ষ টাকা।

১৩.১২ **<u>বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপনঃ</u>** মেরিন ফিশারিজ একাডেমি ক্যাম্পাসে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে। এতে ব্যয় হয় ৮৮.০০ লক্ষ টাকা।

১৩.১৩ **<u>মেরামত ও সংস্কারঃ</u>** বিদ্যমান পুরাতন স্থাপনাসমূহের প্রয়োজনীয় মেরামত ও সংস্কার বাবদ ১৭.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়।

১৩.১৪ **<u>অভ্যন্তরীণ রাস্তা নির্মাণঃ</u>** মেরিন ফিশারীজ একাডেমির মেইন গেট থেকে বিএফডিসি অফিস পর্যন্ত ২১৫০ আরএফটি আরসিসি রাস্তা নির্মাণ করা হয়েছে। এতে ব্যয় হয় ১৮০.৩৪ লক্ষ টাকা।

১৩.১৫ জিমনেশিয়াম কমপ্লেক্সে পানি সংরক্ষণাগার নির্মাণ, এক্সেসরিজ, সুইমিংপুলের সৌন্দর্যবর্ধন, অডিটরিয়ামের আসবাবপত্র সরবরাহ বাবদ ৮১.১৩ লক্ষ টাকা ব্যয় করা হয়।

১৩.১৬ মেরিন ফিশারীজ একাডেমির মেইন গেট, বাউন্ডারী ওয়াল, গার্ডসেড নির্মাণে ১২০.২১ লক্ষ টাকা ব্যয় হয়।

১৩.১৭ **<u>লিফট স্থাপনঃ</u>** অডিটরিয়াম কমপ্লেক্সে ৪ স্টপ প্রভিশনসহ ৮০০ কেজির ২টি প্যাসেঞ্জার লিফট স্থাপন করা হয়েছে। এতে ব্যয় হয় ১১০.০০ লক্ষ টাকা।

## ১৫.০ <u>প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ</u>

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| সময়ের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ মেরিন ফিশারীজ একাডেমির বিদ্যমা নভৌত সুবিধাদি ও প্রশিক্ষণের সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে ফিশিং মেরিনারদের আন্তর্জাতিক মানসম্পন্ন করে গড়ে তোলা। | মহিলা ও বিদেশী ক্যাডেটদের জন্য আলাদা হোস্টেল নির্মাণ করা হয়েছে। বিদ্যমান প্রশাসনিক ও গবেষণা ভবনের সম্প্রসারণ করার ফলে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের সুবিধা বৃদ্ধি পেয়েছে। সুইমিংপুল, জিমনেসিয়াম এবং অডিটরিয়াম নির্মাণ করা হয়েছে। একাডেমির পানির সুব্যবস্থাকল্পে পাম্প হাউজ, পানির ট্যাংক এবং পানি সরবরাহ লাইন নির্মাণ করা হয়েছে। আনুষঙ্গিক যন্ত্রপাতি ও সরবরাহ লাইনসহ বৈদ্যুতিক সাব-ষ্টেশন স্থাপন করার ফলে একাডেমিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। প্রশিক্ষণ ও লজিস্টিক সুবিধাদি বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। |

## ১৬.০ <u>প্রকল্প পরিদর্শনঃ</u>

আইএমইডি কর্তৃক ১১/০৫/২০১৮ তারিখে চট্টগ্রামস্থ মেরিন ফিশারিজ একাডেমিতে প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও একাডেমির অধ্যক্ষ, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সকল ইনস্ট্রাকটর ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


১৬.১ বর্ণিত প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত বিভিন্ন প্রশিক্ষণ সুবিধাদি সৃষ্টি হয়েছেঃ

- অডিটোরিয়াম, সুইমিং পুল ও জিমনেশিয়াম কমপ্লেক্স নির্মাণ
- মহিলা ক্যাডেট হোস্টেল নির্মাণ
- বিদেশি ক্যাডেট হোস্টেল নির্মাণ
- প্রশিক্ষক/কর্মকর্তাদের বাসভবন নির্মাণ
- কর্মচারীদের বাসভবন নির্মাণ
- বিদ্যমান ২-তলা ক্যাডেট ব্লকের ৩য় ও ৪র্থ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ
- বিদ্যমান একাডেমিক ভবন-২ এর ৩য় ও ৪র্থ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ
- নিরাপদ ও বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে গভীর নলকূপ স্থাপন
- পয়ঃনিষ্কাশনের জন্য প্রধান ড্রেন নির্মাণ
- জলাধারসহ পাম্প হাউজ নির্মাণ

- বৈদ্যুতিক সাব-স্টেশন ভবন নির্মাণ
- বিদ্যমান বিবিধ ভবনের মেরামত, সংস্কার ও সম্প্রসারণ
- ফেরিবোট-কাম-ট্রেনিং বোট, উচ্চগতি সম্পন্ন স্পিড বোট, এ্যাম্বুলেন্স, মাইক্রোবাস ও জিপ গাড়ি সংগ্রহ
- মেরিন ফিশারীজ একাডেমির মেইন গেট থেকে বিএফডিসি অফিস পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ।


মেরিন ফিশারিজ একাডেমি প্রবেশ গেটে গার্ডরুম



দৃষ্টিনন্দিত মেরিন ফিশারিজ একাডেমির মূল প্রবেশ গেট



নবনির্মিত ক্যাডেট হোস্টেল


অফিসার্স কোয়ার্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ


প্রকল্পের অর্থে ক্রয়কৃত কম্পিউটার ও ল্যাবের ছবি



লাইবেরিতে প্রয়োজনীয় সংস্কার ও সজ্জিত করা হয়েছে


ক্রয়কৃত রোবাস্ট টাইপ স্পীড বোট


ট্রেনিং-কাম-ফেরীবোট


ক্রয়কৃত ৪টি গাড়ী


অডিটরিয়াম, জিমনেশিয়াম কমপ্লেক্স


অডিটরিয়ামের নীচতলায় সুইমিং ফ্লোর


৩য় তলায় অডিটরিয়াম কক্ষ




মেরিন ফিশারিজ একাডেমির অভ্যন্তরে বিএফডিসি'র পরিত্যক্ত বিভিন্ন স্থাপনা ও নিরাপত্তাহীন রাস্তা

**১৭.০ প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ**

১৭.১ প্রকল্পের Log Frame-এর Purpose অনুযায়ী বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামে সকল নির্মাণ কাজ ও মালামাল ক্রয় করা হয়েছে। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি একটি আধুনিক একাডেমিতে রূপান্তরিত হয়েছে;

১৭.২ প্রকল্পটি বাস্তবায়নের ফলে একাডেমিতে বছরে ৪৮ জনের স্থলে ৯০ জন ক্যাডেট ভর্তি করা সম্ভব হচ্ছে। শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক সুবিধা বৃদ্ধি, মহিলা ও বিদেশী ক্যাডেটদের আলাদাভাবে আবাসিক সুবিধা সৃষ্টি, নতুন প্রশিক্ষণ ব্যাচ বৃদ্ধি, লাইব্রেরী আধুনিকায়ন, আইটি ল্যাব স্থাপন, ল্যাবরেটরি স্থাপন ও প্রশিক্ষণ উপকরণাদি সরবরাহের ফলে ক্যাডেটদের ব্যবহারিক ক্লাসের সুযোগ সৃষ্টি হয়েছে। ফলে প্রকল্পের উদ্দেশ্য অর্জন সফল হয়েছে;

১৭.৩ একাডেমিতে নতুনভাবে অডিটোরিয়াম, সুইমিং পুল ও জিমনেশিয়াম কমপ্লেক্স নির্মাণের ফলে প্রশিক্ষণার্থীদের পেশাগত শিক্ষার মান আন্তর্জাতিক মানে উন্নীত হয়েছে;

১৭.৪ পরিদর্শনকালে লক্ষ্য করা যায়, মেরিন ফিশারিজ একাডেমি ক্যাম্পাসের উত্তর-পশ্চিম পাশে বিএফডিসি'র পুরাতন ও অরক্ষিত বিভিন্ন স্থাপনার সাথে কোন গেইট বা বাউন্ডারী ওয়াল নেই। ফলে উক্ত ফাঁকা স্থান দিয়ে পাশের আবাসিক এলাকার বিভিন্ন লোকজন একাডেমি ক্যাম্পাসে এসে ঘুরাফেরা করে। রাতের বেলায় বহিরাগতরা ক্যাম্পাসের মাঠসহ এদিক-সেদিক বসে থাকে। বহিরাগত কিছু কিছু লোক ক্যাম্পাসে এসে নেশাজাতীয় দ্রব্য সেবন করে। এতে ক্যাম্পাসে বসবাসকারী মহিলা ক্যাডেট ও বিদেশী ক্যাডেটদের পড়াশুনা ও নিরাপত্তার ব্যাঘাত ঘটছে;

১৭.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত ১টি জীপ, ১টি পিকআপ, ১টি মাইক্রোবাস, ১টি এ্যাম্বুলেন্স, ১টি ট্রেনিং-কাম-ফেরীবোট ও ১টি উচ্চগতি সম্পন্ন রোবাস্ট টাইপ স্পীড বোট প্রকল্প সমাপ্তির পর বর্তমানে মেরিন ফিশারিজ একাডেমিতে ব্যবহৃত হচ্ছে। প্রকল্প সমাপ্তির পূর্বে প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে উল্লিখিত যানবাহন একাডেমির রাজস্ব বাজেটে হস্তান্তরের বিষয়ে ০৩/০৪/২০১৭ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলেও এখনও পর্যন্ত এ বিষয়ে মন্ত্রণালয় থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। যানবাহনগুলো ও স্পীড বোট একাডেমিতে ব্যবহারের বিষয়ে মন্ত্রণালয় দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

১৭.৬ এ প্রকল্পটির মূল বাস্তবায়নকাল ছিল জুলাই ২০১১ থেকে জুন ২০১৪ পর্যন্ত অর্থাৎ ৩ বছর মেয়াদী। কিন্তু বিভিন্ন প্রতিকূলতার জন্য প্রকল্পটি ২ বার সংশোধন ও ১ বার আন্তঃখাত সমন্বয় করে ৩ বছরের স্থলে ৬ বছরে অর্থাৎ জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন করা হয়। মূল বাস্তবায়নকাল অপেক্ষা ৩ বছর (১০০%) বেশি সময় অতিক্রান্ত হয়েছে। ফলে সাধারণ জনগণ প্রকল্পের সফলতা প্রাপ্তিতে কিছুটা বিলম্ব হয়েছে। অপরদিকে, মূল প্রকল্প ব্যয় ছিল ৪০০৫.১৮ লক্ষ টাকা। প্রকল্পটি ২ বার সংশোধনের ফলে ব্যয় বৃদ্ধি পায় এবং প্রকল্প সমাপ্তিতে প্রকৃত ব্যয় হয় ৫০২৯.৭২ লক্ষ টাকা অর্থাৎ কষ্ট ওভার রান হয় ১০২৪.৫৪ লক্ষ টাকা (২৫.৫৮%);

১৭.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত প্রশিক্ষণ ও ল্যাব যন্ত্রপাতি এবং আসবাবপত্রের লেবেলে প্রকল্পের নাম পরিলক্ষিত হয়নি। সংগৃহীত প্রশিক্ষণ ও ল্যাব যন্ত্রপাতি এবং আসবাবপত্রের লেবেলে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নাম সংক্ষেপে লিখন প্রয়োজন।

১৭.৮ একাডেমির প্রশিক্ষণ মান International Maritime Organization (IMO)-এর Standard Training Curriculum for Watchkeeping at Sea (STCW) এর গাইড লাইন অনুযায়ী বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে একাডেমিতে আধুনিক সিমুলেটর বেইজড প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করলে একাডেমির অনেক উন্নতি সাধন হবে।

১৭.৯ বতর্মানে একাডেমিতে জনবল খুবই অপ্রতুল। প্রয়োজনীয় জনবল কাঠামো না থাকায় বিশেষায়িত ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা বাধাগ্রস্থ হচ্ছে। একাডেমির বিদ্যমান জনবল কাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন করে জনবল নিয়োগ করা প্রয়োজন;

১৭.১০ একাডেমির আবাসিক সীমানা সংলগ্ন বিএফডিসির পরিত্যক্ত/অব্যবহৃত বিদ্যমান অকশন সেড এবং স্টাফ কোয়ার্টারের উত্তর পাশের বিএফডিসির সিকিউরিটি ব্যারাকের প্লটটি একাডেমির নামে স্থায়ীভাবে বরাদ্দ প্রদান করলে একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম আরও সুগম হবে এবং সার্বিক নিরাপত্তা রক্ষাসহ একাডেমির পরিবেশ উন্নত হবে;

১৭.১১ দরপত্র সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | চলমান কাজের বিবরণ | ডিপিপি সংস্থান | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | NOA প্রদানের তারিখ | কার্যাদেশ প্রদানের তারিখ | কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | কাজ সমাপ্তির প্রকৃত তারিখ | চূড়ান্ত বিল পরিশোধ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অডিটরিয়াম, জিমনেশিয়াম ও সুইমিংপুল কমপ্লেক্স নির্মাণ | ২০৭৩.৮৬ | ২০৪২.১৯ | ২০৪২.১৯ | ১৪.০৬.১৫ | ১৪.০৬.১৫ | ১৩.১২.১৬ | ৩১.০৫.১৭ | ২০৪২.১৯ |
| ২ | ৩ তলা মহিলা ক্যাডেট হোস্টেল নির্মাণ | ২৬৮.৩৪ | ২৪৮.৯৮ | ২৪৫.১৬ | ১৫.০১.১৩ | ০৩.০২.১৩ | ০২.০২.১৪ | ৩০.০৭.১৪ | ২৬৮.৩৩ |
| ৩ | ৪ তলা বিদেশী ক্যাডেট হোস্টেল নির্মাণ | ২৫৪.২৪ | ২১৩.৭২ | ২১২.৩৩ | ১৫.০১.১৩ | ০৩.০২.১৩ | ০২.০২.১৪ | ৩০.০৭.১৪ | ২৫৪.২২ |
| ৪ | বিদ্যমান একাডেমিক ভবনের কোয়ার্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ (২য়, ৩য়, ৪র্থ তলা) | ১০৩.৩৫ | ৮৬.৮০ | ৮৪.০৭ | ১১.০৯.১৩ | ০১.১০.১৩ | ০৭.০৬.১৪ | ২৫.০৬.১৫ | ১০৩.১৫ |
| ৫ | বিদ্যমান অফিসার্স কোয়ার্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ (২য়, ৩য়, ৪র্থ তলা) | ১৭৭.০৯ | ১৭০.২২ | ১৪৮.৪৯ | ২০.০৪.১৪ | ০৪.০৫.১৪ | ২১.০৪.১৫ | ২১.০৪.১৫ | ১৭৭.০৯ |
| ৬ | ৪ তলা স্টাফ কোয়ার্টার নির্মাণ- ১৬ ইউনিট | ৩৩৬.০৪ | ৪০৭.৩০ | ৩২২.৯৩ | ১০.০৪.১৪ | ০৫.০৫.১৪ | ০৮.০৭.১৫ | ০২.০৯.১৬ | ৩৩২.৫০ |
| ৭ | ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন (যন্ত্রপাতি ও এক্সেসরিজ) | ৮৮.০০ | - | - | - | - | - | - | ৮৮.০০ |
| ৮ | অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ | ১৯২.০০ | ১৯৬.৮৫ | ১৮০.৩৯ | ২৪.০৪.১৬ | ০৯.০৫.১৬ | ২৩.১০.১৬ | ৩১.০৫.১৭ | ১৮৯.৩৪ |
| ৯ | পানি সংরক্ষণাগার, এক্সেসরিজ, সুইমিং পুলের সৌন্দর্য বর্ধন ও অডিটরিয়ামের আসবাবপত্র | ১৫৬.১৫ | ১৪.৭৯<br>৭৫.৩৭ | ১৩.৩০<br>৬৭.৮৩ | ০৭.০৬.১৭<br>০৭.০৬.১৭ | ০৮.০৬.১৭<br>০৮.০৬.১৭ | ২০.০৬.১৭<br>২০.০৬.১৭ | ২০.০৬.১৭<br>২০.০৬.১৭ | ৮১.১৩ |
| ১০ | একাডেমিক কমপ্লেক্সের ৮০০ কেজি ২টি লিফট ক্রয় | ১১০.০০ | - | - | - | - | - | - | ১১০.০০ |

## ১৮.০ <u>সুপারিশ/দিক-নির্দেশনাঃ</u>

১৮.১ বিএফডিসি এবং মেরিন ফিশারিজ একাডেমি দুটি প্রতিষ্ঠানই মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাভুক্ত। এক্ষেত্রে একাডেমির অভ্যন্তরে অবস্থিত বিএফডিসি'র জরাজীর্ণ স্থাপনাগুলো অপসারণের মাধ্যমে উক্ত জায়গা মেরিন ফিশারিজ একাডেমির নিকট হস্তান্তরের মাধ্যমে একাডেমির স্থান সংকুলান, নিরাপত্তা নিশ্চয়তা, মনোরম পরিবেশে ক্যাডেটদের পড়াশুনা, সৌন্দর্যবর্ধন রক্ষার্থে মন্ত্রণালয় প্রয়োজনীয় দ্রুত উদ্যোগ গ্রহণ করতে পারে;

১৮.২ প্রকল্পের আওতায় সংগৃহীত ৪টি যানবাহন ও ২টি স্পীড বোট বাস্তবতার নিরিখে একাডেমির প্রয়োজনে সংগ্রহ করা হয়েছে বিধায় উক্ত ৪টি যানবাহন ও ২টি স্পীড বোট মেরিন ফিশারিজ একাডেমিতে ব্যবহারের নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৮.৩ মেরিন ফিশারিজ একাডেমি ক্যাম্পাসে বসবাসরত ক্যাডেটদের নিরাপত্তা রক্ষার্থে ও পড়াশুনার সুন্দর পরিবেশ সৃষ্টির জন্য উত্তর-পশ্চিম পাশে গেইট ও বাউন্ডারী ওয়াল নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৪ প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি ও আসবাবপত্রের লেবেলে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নাম সংক্ষেপে লিখন এবং মালামালের স্টক রেজিষ্টার সংরক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৭.৫ একাডেমির প্রশিক্ষণ মান International Maritime Organization (IMO)-এর Standard Training Curriculum for Watchkeeping at Sea (STCW) এর গাইড লাইন অনুযায়ী বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে একাডেমিতে আধুনিক সিমুলেটর বেইজড প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৭.৬ একাডেমিতে বিশেষায়িত ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিদ্যমান জনবল কাঠামো সম্প্রসারণ ও আধুনিকায়ন করে জনবল নিয়োগ করার লক্ষ্যে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন;

১৭.৭ একাডেমির আবাসিক সীমানা সংলগ্ন বিএফডিসির পরিত্যক্ত/অব্যবহৃত বিদ্যমান অকশন সেড এবং স্টাফ কোয়ার্টারের উত্তর পাশের বিএফডিসির সিকিউরিটি ব্যারাকের প্লটটি একাডেমির নামে স্থায়ীভাবে বরাদ্দ প্রদানের জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৮.৮ মেরিন ফিশারিজ একাডেমিতে প্রকল্পের আওতায় বাস্তবায়িত জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমগুলো সম্পর্কে আরো বেশি প্রচার-প্রচারণা চালাতে হবে;

১৮.৯ প্রকল্পটি ৩ বছরের স্থলে ৬ বছরে সমাপ্ত হয়। এক্ষেত্রে ২ বার সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়। ভবিষ্যতে উন্নয়ন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার/নিরুৎসাহিত করা বাঞ্ছনীয়;

১৮.১০ একাডেমির প্রশিক্ষণ কারিকুলামকে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে উন্নীতকরণসহ সরকারি ও উন্নয়ন সহযোগিদের সহায়তায় বিদেশি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে শিক্ষক ও শিক্ষার্থীদের এক্সচেঞ্জ প্রোগ্রাম চালু করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৮.১১ মেরিন ফিশারিজ একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম, ক্যাডেটদের আধুনিক প্রযুক্তিতে পড়াশুনা এবং প্রতিষ্ঠানটিকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে এ প্রকল্পের ধারাবাহিকতা বজায় রেখে নতুন প্রকল্প গ্রহণে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৮.১২ উপরোল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**(আফরোজা আক্তার চৌধুরী)**
উপ-পরিচালক (উপ-সচিব)